

## অধ্যায় – ৭

### ৭.১ – বিংশ শতকে নারী আন্দোলনের চরিত্র, বৈশিষ্ট্য ও বিশ্লেষণ।

১/২

১। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে অংশগ্রহনকারী কয়েকজন নারীর নাম লেখ।

--- সরলাদেবী চৌধুরানী, গিরিবালা দেবী, অবলা বসু, হেমাজিনী দাস, কুমুদিনী মিত্র, লীলাবতী মিত্র, কুমুদিনী বসু, সুবালা আচার্য, নির্মলা সরকার প্রমুখ।

২। বঙ্গভঙ্গ কবে কার্যকর হয়?

--- ১৯০৫ খ্রীঃ ১৬ ই অক্টোবর।

৩। 'রাখী বন্ধন' কে, কবে প্রচলন করেন?

--- রবীন্দ্রনাথ ঠাকুর, ১৯০৫ খ্রীঃ ১৬ ই অক্টোবর, বঙ্গভঙ্গ কার্যকর হবার দিন।

৪। 'লক্ষ্মীর ভান্ডার' কে, কোন সময়ে, কেন স্থাপন করেন?

--- সরলাদেবী চৌধুরানী বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন তথা স্বদেশী আন্দোলনের সময়, স্বদেশী জিনিস পত্রের ব্যবহার বাড়ানোর জন্য।

৫। 'সখী সমিতি' কে, কেন প্রতিষ্ঠা করেন?

--- স্বর্ণ কুমারী দেবী, বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন তথা স্বদেশী আন্দোলনের সময়, স্বদেশী জিনিস পত্রের ব্যবহার বাড়ানোর জন্য।

৬। 'মিলন মন্দির' কোথায়, কোন সময়, কেন প্রতিষ্ঠিত হয়?

--- কলকাতায়, বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন তথা স্বদেশী আন্দোলনের সময়, দুই বাংলার মিলনের প্রতীক হিসাবে।

৭। 'ভারত স্ত্রী মহামন্ডল' কে, কবে, কেন প্রতিষ্ঠা করেন?

--- সরলা দেবী চৌধুরানী, ১৯১১ খ্রিঃ, নারীজাতির একতা বৃদ্ধির উদ্দেশ্যে।

৮। বাসন্তী দেবী, উর্মিলা দেবী, সুনীতি দেবীর পরিচয় দাও।

--- বাসন্তী দেবী – দেশবন্ধু চিত্ত রঞ্জন দাসের স্ত্রী। (নারী সত্যগ্রহী সমিতির প্রতিষ্ঠাতা, ১৯২১ খ্রিঃ)

উর্মিলা দেবী – দেশবন্ধু চিত্ত রঞ্জন দাসের বোন (নারী কর্ম মন্দিরের প্রতিষ্ঠাতা, ১৯২১ খ্রিঃ)

সুনীতি দেবী – দেশবন্ধু চিত্ত রঞ্জন দাসের ভাইবো।

৯। অহিংস অসহযোগ আন্দোলনে অংশগ্রহনকারী কয়েকজন নারীর নাম লেখ।

--- বাসন্তী দেবী, উর্মিলা দেবী, হেমপ্রভা মজুমদার, সরোজিনী নাইডু, জ্যোতির্ময়ী গঙ্গোপাধ্যায় প্রমুখ। এছাড়া সরলাবালা দেবী (সিলেট), প্রভা চট্টোপাধ্যায় (বালুরঘাট), ইন্দুমতি গুহঠাকুরতা, প্রফুল্লকুমারী বসু (বরিশাল), সুশীলা মিত্র (নোয়াখালি), স্নেহশীলা চৌধুরী (খুলনা), উষা গুহ (ময়ম নসিংহ)।

১০। দীপালী সংঘ কবে, কোথায় প্রতিষ্ঠা হয়?

--- ১৯২৩ খ্রিঃ, ঢাকায় (ভারতের প্রথম ছাত্রী সংগঠন)।

১১। আইন অমান্য আন্দোলনের সাথে যুক্ত কয়েকজন নারীর নাম লেখ।

--- কস্তুরবা গান্ধী, কমলা নেহরু, স্বরূপরানি নেহরু, সরোজিনী নাইডু, বাসন্তী দেবী, উর্মিলা দেবী, সরলাবালা দেবী, নেলী সেনগুপ্তা, লীলা রায় প্রমুখ।

১২। 'ভারতের বুলবুল' নামে কে পরিচিত ছিলেন? তিনি কোন প্রতিষ্ঠান প্রতিষ্ঠার সাথে যুক্ত ছিলেন?

--- সরোজিনী নাইডু, তিনি 'রাষ্ট্রীয় স্ত্রী সংঘ' গঠন করেন।

১৩। ভারত ছাড়ো আন্দোলনে সামিল হয়েছিলেন এমন কয়েকজন নারীর নাম লেখ।

--- সুচেতা কৃপালিনী, অরুনা আসফ আলি, উশা মেহতা, কনকলতা বরুয়া, মাতঙ্গিনী হাজরা, নন্দিতা কৃপালিনী, রানি চন্দ্র, এলা দত্ত, সুনীতা সেন, লাবন্যপ্রভা দত্ত, মায়া ঘোষ প্রমুখ।

১৪। দীপালি সংঘ কে প্রতিষ্ঠা করেন? এটি প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

--- লীলা নাগ (রায়), এটি প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল ব্রিটিশবিরোধী স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণের জন্য নারীদের প্রস্তুত করে তোলা। এখানে লাঠিখেলা, শরীরচর্চা, আত্মচালনা শিক্ষা প্রভৃতির মাধ্যমে মেয়েদের সাহস ও শক্তি বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়।

১৫। 'জয়শ্রী' পত্রিকা কে, কবে প্রকাশ করেন?

--- লীলা রায়, ১৯৩০ খ্রিঃ।

১৬। 'ফুলতার' ছদ্মনাম কার? তিনি কোন কোন বিপ্লবী কর্মকাণ্ডের সাথে যুক্ত ছিলেন? কিভাবে তিনি মৃত্যু বরন করেন?

--- প্রীতিলতা ওয়াদেদার, তিনি চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন (১৯৩০), জালালাবাদ পাহাড়ের যুদ্ধ (১৯৩০), ধলঘাটের যুদ্ধ (১৯৩২) প্রভৃতি। পটাসিয়াম সাইনাইড সেবন দ্বারা।

১৭। বিপ্লবী সূর্য সেনের দুজন মহিলা সহযোগীর নাম লেখ।

--- প্রীতিলতা ওয়াদেদার, কল্পনা দত্ত। (এরা চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনে যুক্ত ছিলেন)

১৮। 'ডিনামাইট ষড়যন্ত্র' কী?

--- কল্পনা দত্ত কলকাতা থেকে গোপনে নিয়ে আসা বিস্ফোরক দিয়ে গান কটন তৈরি করে তার বিস্ফোরণ ঘটিয়ে আদালত থেকে বন্দি বিপ্লবীদের পালানোর সুযোগ করে দেওয়ার পরিকল্পনা করেন। এটি 'ডিনামাইট ষড়যন্ত্র' নামে পরিচিত।

১৯। 'চট্টগ্রাম অভ্যুত্থান' গ্রন্থটি কার লেখা?

--- কল্পনা দত্ত।

২০। নেতাজি সুভাষ চন্দ্র বসুর আজাদ হিন্দ বাহিনীতে ঝাঁসি বাহিনীর (নারী বাহিনী) দায়িত্বে কে ছিলেন?

--- লক্ষ্মী স্বামীনাথন (পরবর্তী কালে লক্ষ্মী সাইগল)।

২১। প্রথম ভারতীয় মহিলা গ্রাজুয়েট কে?

--- কাদম্বিনী গাঙ্গুলি।

২২। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন কালে 'প্রতাপাদিত্য উৎসব' ও 'বীরাষ্ট্রমী ব্রত' কে সূচনা করেন?

--- সরলাদেবি চৌধুরানী।

২৩। 'শৃংখলা ঝংকার' গ্রন্থটি কার লেখা?

--- বীনা দাস।

২৪। সূর্য সেন প্রতিষ্ঠিত বিপ্লবী দলের নাম কী?

--- ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি।

২৫। ভারতের স্বাধীনতা আন্দোলনে প্রথম শহীদ নারী কে?

--- প্রীতিলতা ওয়াদেদার।

২৬। বেঙ্গল ভলেন্টিয়ার্স কে প্রতিষ্ঠা করেন?

--- হেমচন্দ্র ঘোষ।

২৭। জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভানেত্রী কে ছিলেন?

--- সরোজিনী নাইডু

২৮। অগ্নিযুগের অগ্নিকন্যা নামে কে পরিচিত ছিলেন?

--- বীনা দাস। (তিনি স্ট্যানলি জ্যাকসনকে লক্ষ্য করে গুলি চালিয়েছিলেন)

২৯। ভগিনী সেনা কী?

--- মেদিনীপুরের তমলুকে ভারতছাড়ো আন্দোলনের সময় তৈরি হওয়া তাম্রলিপ্ত জাতীয় সরকারের স্বৈচ্ছাসেবিকা বাহিনীর নাম ছিল ভগিনী সেনা।

৩০। বিপ্লবী আন্দোলনে ননীবালা দেবীর ভূমিকা কী ছিল?

--- বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন কালে বিপ্লবীদের আশ্রয়দান ও গোপনে অস্ত্র সরবরাহ করেন। এর ফলে তাঁর কারাদণ্ড হয়। তবে পুলিশী অত্যাচার সহ্য করেও তিনি কোনো গোপন তথ্য ফাঁস করেন নি।

৩১। বীনা দাস বিখ্যাত কেন?

--- বীণা দাস ছিলেন ভারতের মুক্তিসংগ্রামের অন্যতম গুরুত্বপূর্ণ বিপ্লবী নেত্রী। তিনি ১৯৩২ খ্রীঃ ৬ ই ফেব্রুঃ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে বক্তৃতারত অবস্থায় গভর্নর স্ট্যানলি জ্যাকসনকে গুলি করেন। অবশ্য তাঁর গুলি লক্ষ্যভ্রষ্ট হয়।

৩২। কল্পনা দত্ত বিখ্যাত কেন?

--- কল্পনা দত্ত ছিলেন ভারতের মুক্তি সংগ্রামের এক অন্যতম বিপ্লবী নেত্রী। তিনি গান-কটন তৈরির উদ্দেশ্যে কলিকাতা থেকে বিস্ফোরক আনেন। তিনি আদালতে বিস্ফোরন ঘটিয়ে বিপ্লবীদের পালাতে সাহায্য করেন। ইউরোপীয় ক্লাব আক্রমণে যোগ দেওয়ার পরিকল্পনা করেও ঘটনার এক সপ্তাহ আগে তিনি পুলিশের হাতে ধরা পড়েন।

৩৩। প্রীতিলতা ওয়াদেদার বিখ্যাত কেন?

--- প্রীতিলতা ওয়াদেদার ভারতের মুক্তি সংগ্রামের এক অন্যতম বিপ্লবী নেত্রী। তিনি সূর্য সেনের সাথে তিনি চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন (১৯৩০), জালালাবাদ পাহাড়ের যুদ্ধ (১৯৩০), ধলঘাটের যুদ্ধ (১৯৩২) প্রভৃতি ঘটনায় অংশ নেন। তাঁর নেতৃত্বে ইউরোপীয় ক্লাব আক্রমণের ঘটনা ঘটে। পটাসিয়াম সাইনাইড সেবন দ্বারা তিনি মৃত্যু বরন করেন।

৩৪। মাতঙ্গিনী হাজরা স্মরণীয় কেন?

--- মাতঙ্গিনী হাজরা ছিলেন ভারত ছাড়ো আন্দোলনের সময় একজন গান্ধীবাদী নেত্রী। ৭৩ বছরের মাতঙ্গিনী হাজরা তমলুক থানা অভিযানে নেতৃত্ব দিয়ে পুলিশের গুলিতে মৃত্যুবরন করেন। তিনি গান্ধীবুড়ি নামে পরিচিত ছিলেন।

৩৫। অরন্ধনের ডাক কে, কবে দিয়েছিলেন?

--- রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ১৯০৫ সালের ১৬ ই অক্টোবর যেদিন বঙ্গভঙ্গ কার্যকর হয়।

### ৭.২ – বিংশ শতকের ভারতে ছাত্র আন্দোলন – চরিত্র, বৈশিষ্ট্য, পর্যালোচনা।

১/২

১। ডন সোসাইটি কে, কবে প্রতিষ্ঠা করেন?

--- সতীশচন্দ্র মুখোপাধ্যায়, ১৯০২ খ্রিঃ।

২। কোন পত্রিকার মাধ্যমে প্রথম বয়কটের ডাক দেওয়া হয়?

--- কৃষ্ণকুমার মিত্রের সঞ্জীবনী পত্রিকা।

৩। কার্লাইল সার্কুলার কী?

--- ১৯০৫ খ্রিঃ স্বদেশি ও বয়কট আন্দোলনে ছাত্রসমাজ সক্রিয়ভাবে ঝাঁপিয়ে পড়লে ছাত্র আন্দোলন দমনের উদ্দেশ্যে বাংলা

সরকারের মুখ্যসচিব কার্লাইল একটি দমনমূলক সার্কুলার বা ঘোষণা জারি করেন। এটি কার্লাইল সার্কুলার নামে পরিচিত। এই সার্কুলারের দ্বারা ছাত্রদের আন্দোলনে অংশগ্রহণ, বন্দে মাতরম ধ্বনি প্রভৃতি নিষিদ্ধ করেন।

৪। এন্টি সার্কুলার সোসাইটি কবে, কোথায় প্রতিষ্ঠিত হয়? এর সভাপতি ও সম্পাদকের নাম লেখ। এর উদ্দেশ্য কী ছিল?

--- ১৯০৫ খ্রিঃ নভেম্বর মাসে কলকাতার রিপন লেজের ছাত্র শচীন্দ্র প্রসাদ বসুর নেতৃত্বে এন্টি সার্কুলার সোসাইটি প্রতিষ্ঠিত হয়।

এর সভাপতি ছিলেন কৃষ্ণকুমার মিত্র ও সম্পাদক ছিলেন শচীন্দ্র প্রসাদ বসু।

এটি প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল – ক) ছাত্র সমাজকে ঐক্যবদ্ধ করা, খ) বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে ছাত্রদের সামিল করা, গ) শান্তিপূর্ণ বা সরকারী বিদ্যালয় থেকে বিতাড়িত ছাত্রদের শিক্ষালাভের ব্যবস্থা করা ইত্যাদি।

৫। অনুশীলন সমিতি কে, কবে প্রতিষ্ঠা করেন?

--- সতীশ চন্দ্র বসু ১৯০৬ খ্রিঃ।

৬। ডন সোসাইটি কে, কবে, কেন প্রতিষ্ঠা করেন?

--- সতীশ চন্দ্র মুখোপাধ্যায়, ১৯০২ খ্রিঃ, ছাত্রদের ঐক্যবদ্ধ করতে।

৭। ঢাকা অনুশীলন সমিতি কে প্রতিষ্ঠা করেন?

--- পুলিন বিহারী দাস (১৯০৬ খ্রিঃ)

৮। ছাত্র আন্দোলন দমন করতে ব্রিটিশ সরকার কোন কোন সার্কুলার জারী করে?

--- কার্লাইল সার্কুলার, পেডলার সার্কুলার, নিয়ন সার্কুলার।

৯। যুগান্তর পত্রিকা ও যুগান্তর গোষ্ঠীর উদ্যোক্তা কারা ছিলেন?

--- বারীন ঘোষ, উল্লাসকর দত্ত, হেমচন্দ্র কানুনগো প্রমুখ বিপ্লবী।

১০। কে, কবে মানিক তলায় বোমা তৈরির কারখানা স্থাপন করেন?

--- বিপ্লবী হেমচন্দ্র কানুনগো।

১১। ক্ষুদিরাম বসু স্মরণীয় কেন

--- বিংশ শতকের প্রথম দশকে একজন বিশিষ্ট বিপ্লবী ছিলেন ক্ষুদিরাম বসু। অত্যাচারী বিচারপতি কিংস ফোর্ড কলকাতা থেকে মুজফফরপুর বদলি হয়ে গেলে তাঁকে হত্যার উদ্দেশ্যে ক্ষুদিরাম বসু ও প্রফুল্ল চাকী মুজফফরপুর যান। সেখানে

কিংসফোর্ডের গাড়ি লক্ষ্য করে বোমা নিক্ষেপ করলে কেনেডি পরিবারের দুই মহিলা নিহত হন। এই ঘটনায় প্রফুল্ল চাকী আত্মহত্যা করেন ও ক্ষুদিরাম ধরা পড়েন। ১৯০৮ সালের ১১ ই আগস্ট তাঁর ফাঁসি হয়।

১২। আলিপুর বোমা মামলা, ঢাকা ষড়যন্ত্র মামলা, হাওড়া ষড়যন্ত্র মামলা, বরিশাল ষড়যন্ত্র মামলা কবে হয়?

--- আলিপুর বোমা মামলা - ১৯০৮ খ্রিঃ, ঢাকা ষড়যন্ত্র মামলা - ১৯১০ খ্রিঃ, হাওড়া ষড়যন্ত্র মামলা - ১৯১০ খ্রিঃ, বরিশাল ষড়যন্ত্র মামলা - ১৯১২ - ১৩ খ্রিঃ।

১৩। বাঘা যতীন নামে কে পরিচিত? তাঁর নাম কোন যুদ্ধের সাথে যুক্ত?

--- যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়। বুড়িবালামের যুদ্ধ (১৯১৫ খ্রিঃ)।

১৪। গদর শব্দের অর্থ কী? গদর দল কে, কবে, কোথায় প্রতিষ্ঠা করেন?

--- বিপ্লব। গদর দল লালা হরদয়াল, ১৯১৩ খ্রিঃ আমেরিকাতে প্রতিষ্ঠা করেন।

১৫। রাসবিহারী বসুর বিপ্লবী কর্মকাল লেখ।

--- রাসবিহারী বসু ছিলেন ভারতের মুক্তি সংগ্রামের একজন গুরুত্বপূর্ণ বিপ্লবী। তাঁর নির্দেশে বিপ্লবী বসন্ত বিশ্বাস বড়লাট লর্ড হার্ডিঞ্জকে লক্ষ্য করে বোমা নিক্ষেপ করেন। রাসবিহারী বসু ১৯১৫ খ্রিঃ ব্রিটিশ বিরোধী সামরিক অভ্যুত্থান ঘটানোর চেষ্টা করেন। কিন্তু এই খবর ফাঁস হয়ে যায়, তিনি পি এন ঠাকুর ছদ্মনামে জাপানে পালিয়ে যান। পরবর্তীকালে সুভাষ চন্দ্র বসু বাইরে থেকে দেশকে মুক্ত করার অভিযানে জাপান পৌঁছালে তিনি তাঁকে সর্বোত্তমভাবে সহযোগিতা করেন।

১৬। লাহোর ষড়যন্ত্র মামলা কবে হয়? এর ফলাফল কী হয়েছিল?

--- ১৯১৫ খ্রিঃ। এই মামলায় পাঞ্জাবের বহু বিপ্লবীকে ফাঁসি, কারাদন্ড ও দ্বীপান্তর হয়।

১৭। কাকোরি ষড়যন্ত্র মামলা কবে হয়? এর ফলাফল কী হয়েছিল?

--- ১৯২৫ খ্রিঃ, এই মামলার বিচারে রাজেন্দ্র, রামপ্রসাদ, বিসমিল সহ চার জন বিপ্লবীর ফাঁসি হয়।

১৮। হিন্দুস্তান সোস্যালিস্ট রিপাব্লিকান এসোসিয়েশন কে গঠন করেন?

--- চন্দ্রশেখর আজাদ। এই দলের সদস্য ছিলেন ভগৎ সিং, রাজগুরু প্রমুখ।

১৯। স্যামুয়েল কে কারা, কবে, কেন হত্যা করেন?

--- চন্দ্রশেখর আজাদ, ভগৎ সিং, রাজগুরু ১৯২৮ খ্রিঃ।

সাইন কমিশন বিরোধী বিক্ষোভের সময় পুলিশের লাঠির আঘাতে লাল লাজপৎ রায়ের মৃত্যু হলে তার প্রতিশোধ নেবার জন্য।

২০। বিপ্লবী গোপিনাথ সাহা কাকে হত্যা করেন?

--- মি. আর্নেস্টকে।

২১। কোন মামলায় রাজগুরু, ভগৎ সিং, শুকদেবের ফাঁসি হয়?

--- লাহোর ষড়যন্ত্র মামলা (১৯৩১ খ্রিঃ)।

২২। বিনয় বাদল দিনেশ স্মরণীয় কেন?

--- বিনয় বসু, বাদল গুপ্ত ও দিনেশ গুপ্ত বেঙ্গল ভলেন্টারি অ্যান্ড সার্ভিসেসের অন্যতম সদস্য ছিলেন। ১৯৩০ খ্রিঃ ৮ ই ডিসেম্বর তাঁরা রাইটার্স বিল্ডিং অভিযান করেন। সেখানে কারা বিভাগের ইন্সপেক্টর জেনারেল সিম্পসনকে তাঁরা গুলি করে হত্যা করেন। এর ফলে রাইটার্স বিল্ডিং এর অলিন্দে পুলিশের সাথে তিন বিপ্লবীর গুলির লড়াই শুরু হয়। এই ঘটনা অলিন্দে যুদ্ধ নামে পরিচিত। বাদল পটাসিয়াম সাইনাইড খেয়ে আত্মহত্যা করেন, বিনয় ও দিনেশ গুলি চালিয়ে আত্মহত্যার চেষ্টা করেন।

হাসপাতালে বিনয় মারা গেলেও দিনেশ সুস্থ হয়ে ওঠেন এবং তাঁর ফাঁসি হয়। দুঃসাহসী এই বিপ্লবী কর্মকাণ্ডের জন্য তাঁরা স্মরণীয়।

২৩। বেঙ্গল ভলেন্টারি সার্ভিস দল কে, কবে, কোথায় প্রতিষ্ঠা করেন?

--- বিপ্লবী হেমচন্দ্র ঘোষ ১৯১২ খ্রিঃ ঢাকায়।

২৪। সূর্য সেন স্মরণীয় কেন?

--- সূর্য সেন ছিলেন ভারতের একজন বীর বিপ্লবী। তিনি 'মাস্টারদা' নামের বেশী পরিচিত। ১৯৩০ খ্রিঃ তিনি ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি গঠন করেন। চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনে তিনিই ছিলেন প্রধান নেতা। ইংরেজদের বিরুদ্ধে জালালাবাদের মুক্তি যুদ্ধে তিনি নেতৃত্ব দেন। বীনা দাস, প্রীতিলতা ওয়াদেদার তাঁর সাথে বিপ্লবী কর্মকাণ্ডে যুক্ত ছিলেন। নেত্র সেন নামে এক বিপ্লবীর বিশ্বাসঘাতকতায় তিনি পুলিশের হাতে ধরা পড়েন। ১৯৩৪ খ্রিঃ ১২ ই জানুয়ারী তাঁর ফাঁসি হয়।

২৫। জাতীয় শিক্ষা পরিষদ কবে, কার সভাপতিত্বে গড়ে ওঠে?

--- ১৯০৬ খ্রিঃ ১১ ই মার্চ, সত্যেন্দ্রনাথ ঠাকুর।

২৬। বেঙ্গল ন্যাশনাল স্কুল ও কলেজ কবে প্রতিষ্ঠিত হয়? এর অধ্যক্ষ কে ছিলেন?

--- ১৯০৬ খ্রিঃ ১৪ ই আগস্ট, অরবিন্দ ঘোষ।

২৭। জাতীয় কলেজ কবে কোথায় প্রতিষ্ঠিত হয়?

--- ১৯২১ খ্রিঃ ৪ ঠা ফেব্রুয়ারী, কলকাতায়।

২৮। নওজওয়ান ভারত সভা কবে, কোথায়, কার নেতৃত্বে গড়ে ওঠে?

--- ১৯২৬ খ্রিঃ, পাঞ্জাবে, ভগত সিং এর নেতৃত্বে।

২৯। দিল্লীতে আইন সভায় বোমা নিক্ষেপ কে করেছিলেন?

--- ভগত সিং, বটুকেশ্বর দত্ত (১৯২৯ খ্রিঃ)

৩০। চাপেকর ভাতৃদ্বয়কে ফাঁসি দেওয়া হয়েছিল কেন?

--- ১৮৯৭ খ্রিঃ পুনতে দুজন প্লেগ কর্মচারীকে হত্যা করার জন্য।

৩১। বাসুদেব বলবন্ত ফাদকে কে ছিলেন?

--- মহারাষ্ট্রে ব্রিটিশ বিরোধী আন্দোলনের সময়কালে গঠিত গুপ্ত সমিতির প্রধান।

৩২। রসিদ আলি কে?

--- আজাদ হিন্দ বাহিনীর অন্যতম সেনাপতি।

৩৩। কোন দিনটি রসিদ আলি দিবস হিসাবে পালিত হয় এবং কেন?

--- ১৯৪৬ খ্রিঃ ১২ ই ফেব্রুয়ারী।

আজাদ হিন্দ বাহিনীর সেনাপতি রসিদ আলি ব্রিটিশ বাহিনীর হাতে ধরা পড়ার পর ৭ বছর সশ্রম কারাদন্ডে দন্ডিত হন। এর প্রতিবাদে মুসলিম ছাত্র লিগ কলকাতায় ১৯৪৬ খ্রিঃ ১২ ই ফেব্রুয়ারী দিনটি রসিদ আলি দিবস হিসাবে ঘোষণা করে ও কলকাতায় ব্যাপক প্রতিবাদ আন্দোলন শুরু করে। পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে ক্রমশ। এই পরিস্থিতিকে ঐতিহাসিক গৌতম চট্টোপাধ্যায় 'almost revolution' বলেছেন।

৩৪। কোমাগাতামার ঘটনাটি কী?

--- প্রথম বিশ্বযুদ্ধের সময় গদর দলের বেশ কিছু সদস্য কোমাগাতামার নামে জাহাজে করে কলকাতায় আসছিলেন। পথে বজবজ এ পুলিশের গুলিতে তাদের ২২ জনের মৃত্যু হয়। এই ঘটনায় ক্ষিপ্ত হয়ে মৌলবি ওবেদুল্লাহর নেতৃত্বে বহু পাঞ্জাবী ছাত্র বিপ্লবী আন্দোলনে যোগ দেয়।

### ৭.৩ – বিশ শতকের ভারতে প্রান্তিক জনগোষ্ঠীর আন্দোলন

১/২

১। দলিত কাদের বলা হয়?

--- ব্রিটিশ শাসন কালে ভারতের শোষিত ও নির্যাতিত এবং পিছিয়ে পড়া অস্পৃশ্য জাতি সাধারণভাবে 'দলিত' নামে

পরিচিত। 'দলিত' শব্দটি মারাঠি শব্দ। এটি প্রচলন করেন জ্যোতিবা ফুলে।

হিন্দু বর্ণ ব্যবস্থায় জন্ম ও পেশাগত পরিচয়ের বিচারে যে সব মানুষ সমাজের নিম্নস্তরে অবস্থান করে এবং বিভিন্ন সময়ে উচ্চবর্ণের দ্বারা সামাজিক বঞ্চনার শিকার হয়, তারা সাধারণভাবে দলিত নামে পরিচিত।

২। দলিত শ্রেনির নেতৃত্ব কে দিয়েছিলেন?

--- অস্পৃশ্য মাহার সম্প্রদায়ের বাবাসাহেব ভীমরাও আম্বেদকর।

৩। সত্যশোধক সমাজ কে প্রতিষ্ঠা করেন?

--- জ্যোতিবা ফুলে মহারাষ্ট্রে।

৪। ভাইক্স সত্যাগ্রহ কবে, কোথায়, কার নেতৃত্বে শুরু হয়?

--- ১৯২৪ খ্রিঃ, কেলারায়, নারায়ণ গুরুর নেতৃত্বে।

৫। আত্মসম্মান আন্দোলন কবে, কোথায়, কার নেতৃত্বে শুরু হয়?

--- ১৯২৫ খ্রিঃ, তামিলনাড়ুতে, রামস্বামী নাইকারের নেতৃত্বে।

৬। সিডিউল কাস্ট ফেডারেশন কে, কবে গড়ে তোলেন?

--- বি আর আশ্বেদকর, ১৯৪২ খ্রিঃ।

৭। বাংলায় নমঃশূদ্র আন্দোলনের নেতৃত্ব কারা দেন?

--- প্রমথনাথ ঠাকুর, যোগেন্দ্রনাথ মন্ডল।

৮। দ্বিতীয় গোলটেবিল বৈঠক কবে, কোথায় হয়? এতে ভারতের প্রতিনিধিত্ব কে করেছিলেন?

--- ১৯৩১ খ্রিঃ, লন্ডনে। কংগ্রেসের পক্ষে গান্ধিজি, দলিত সম্প্রদায়ের পক্ষে আশ্বেদকর।

৯। সাম্প্রদায়িক বাঁটোয়ারা কে, কবে ঘোষণা করেন?

--- ব্রিটিশ প্রধানমন্ত্রী র্যামসে ম্যাকডোনাল্ড, ১৯৩২ খ্রিঃ।

১০। পুনা চুক্তি কবে, কাদের মধ্যে হয়?

--- ১৯৩২ খ্রিঃ। গান্ধিজি ও আশ্বেদকরের মধ্যে।

১১। দলিতদের 'হরিজন' নামকরন কে করেন?

--- গান্ধিজি।

১২। Annihilation of the Cast গ্রন্থটি কার রচনা?

--- বি আর আশ্বেদকর।

১৩। নমঃশূদ্র কাদের বলা হয়?

--- ব্রিটিশ শাসনের প্রথম দিকে নমঃশূদ্ররা চন্ডাল নামে পরিচিত ছিলেন। ১৯১১ খ্রিঃ আদমসুমারি রিপোর্টে চন্ডাল নামের পরিবর্তে তারা নমঃশূদ্র নামে পরিচিত হয়।

১৪। মতুয়া ধর্মের প্রবর্তক কে?

--- শ্রী হরিচাঁদ ঠাকুর।

১৫। নমঃশূদ্র ওয়েলফেয়ার এসোসিয়েশন কে গঠন করেন?

--- গুরুচাঁদ ঠাকুর।

১৬। সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতিতে (১৯৩২) কী বলা হয়েছিল?

--- ক) ভারতে মুসলিম, শিখ, ভারতীয় খ্রিষ্টান, ইউরোপীয় পভৃতি বিভিন্ন সংখ্যালঘু সম্প্রদায়কে নির্বাচনের অধিকার দেওয়া হয় খ) হিন্দু সম্প্রদায়কে বদর্শহিন্দু ও দলিত - এই দুইভাগে ভাগ করা হয়।

১৭। কোন পরিস্থিতিতে পুনা চুক্তি (১৯৩২) স্বাক্ষরিত হয়?

--- ব্রিটিশ সরকার হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিভেদ সৃষ্টির জন্য সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতির দ্বারা দলিত হিন্দুদের পৃথক নির্বাচনের অধিকার দেয়। এর প্রতিবাদে গান্ধিজি আমরন অনশন শুরু করলে তাঁর প্রাণ সংশয় দেখা দেয়। এই পরিস্থিতিতে গান্ধিজির সাথে আশ্বেদকর পুনা চুক্তি স্বাক্ষর করে দলিতদের পৃথক নির্বাচনের দাবি থেকে সরে এলে আপাতত সমস্যা মেটে।

১৮। পুনা চুক্তিতে কী পদক্ষেপ নেওয়া হয়?

--- ক) আশ্বেদকর দলিতদের পৃথক নির্বাচনের দাবী ত্যাগ করে হিন্দুদের যৌথ নির্বাচনের নীতি মেনে নেন। খ) গান্ধিজি নির্বাচনে দলিতদের ৭৮ টি থেকে বাড়িয়ে ১৫১ টি আসন সংরক্ষনের দাবি মেনে নেন।

১৯। ব্রিটিশ শাসন কালে গড়ে ওঠা দুটি নমঃশূদ্র সংগঠন কী কী?

--- নমঃশূদ্র ওয়েলফেয়ার এসোসিয়েশন/ উন্নয়নী সভা (১৯০২)/ বেঙ্গল নমঃশূদ্র এসোসিয়েশন (১৯১২) / নিখিল বঙ্গ

নমঃশূদ্র সমিতি (১৯২৬)/ বঙ্গীয় দলিত শ্রেণি সমিতি (১৯২৬)।

২০। 'হাতে কাম মুখে নাম' --- এই আদর্শ কে প্রচার করেন?

--- গুরুচাঁদ ঠাকুর।

২১। চন্ডালরা নমঃশূদ্র নামে কবে থেকে ররিচিতি লাভ করে?

--- ১৯১১ খ্রিঃ আদমসুমারি রিপোর্টে।

২২। ইন্ডিপেন্ডেন্ট সিডিউল কাস্ট পার্টি কারা কবে গঠন করেন?

--- প্রমথনাথ ঠাকুর, যোগেন্দ্রনাথ মন্ডল প্রমুখ ১৯৩৮ খ্রিঃ।